**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 8/31/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# সুপ্রিম কোর্টের বেপরোয়া সিদ্ধান্তের প্রতিক্রিয়ায় নতুন পাশ হওয়া গোপনে আগ্নেয়াস্ত্র বহন সংক্রান্ত আইন 1 সেপ্টেম্বর, 2022 তারিখ থেকে কার্যকর হবে বলে গভর্নর হোকলের ঘোষণা

***বিধিবদ্ধ পরিবর্তনগুলো নিউ ইয়র্ক স্টেট রাইফেল এন্ড পিস্টল অ্যাসোসিয়েশন ইনক. বনাম ব্রুয়েন মামলায় যুক্তরাষ্ট্রের সুপ্রিম কোর্টের দেওয়া সিদ্ধান্ত মোকাবেলা করছে***

***গোপনে পিস্তল বহন করার পারমিট সংগ্রহ করতে চাওয়া ব্যক্তিদের জন্য নতুন শর্তসমূহের মধ্যে আগ্নেয়াস্ত্র সংক্রান্ত প্রশিক্ষণ গ্রহণ, সরাসরি উপস্থিত হয়ে সাক্ষাতকার প্রদান, সোশ্যাল মিডিয়া পর্যালোচনা, ইত্যাদি অন্তর্ভুক্ত রয়েছে***

***টাইমস স্কয়ার, বার, লাইব্রেরি, স্কুল, সরকারি ভবন ও হাসপাতাল সহ সংবেদনশীল স্থানগুলোতে গোপনে আগ্নেয়াস্ত্র বহনের বিধিনিষেধ প্রযোজ্য হবে***

***এখন প্রতি তিন বছর অন্তর পারমিট রিসার্টিফিকেশন ও নবায়ন আবশ্যক করা হয়েছে***

***জনসাধারণ, আগ্নেয়াস্ত্রের মালিক, ও আগ্নেয়াস্ত্রের ডিলারদের জন্য নতুন আইন সম্পর্কিত সব তথ্য এক জায়গায় পেতে স্টেট নতুন আগ্নেয়াস্ত্রের নিরাপত্তা সংক্রান্ত ওয়েবসাইট চালু করেছে***

গভর্নর ক্যাথি হোকল আজ নিউ ইয়র্কবাসীদেরকে মনে করিয়ে দিয়েছেন যে স্টেটের শতাব্দী পুরোনো পিস্তল বহনের অনুমতি সংগ্রহের প্রক্রিয়া বাতিল করার ব্যাপারে সুপ্রিম কোর্টের সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে জোরদার করা আগ্নেয়াস্ত্র সংক্রান্ত আইনসমূহ বৃহস্পতিবার, 1 সেপ্টেম্বর থেকে কার্যকর হবে। আইনগুলোতে পটভূমি যাচাই জোরদার করা এবং গোপনে আগ্নেয়াস্ত্র বহনের পারমিট সংগ্রহ করতে আগ্রহী ব্যক্তিদের জন্য আগ্নেয়াস্ত্রের নিরাপত্তা ও লাইভ-ফায়ার প্রশিক্ষণ; গোপনে আগ্নেয়াস্ত্র বহনের অনুমতি পাওয়া ব্যক্তিদের জন্য সংবেদনশীল স্থানগুলোতে, যেমন টাইমস স্কয়ার, বার, লাইব্রেরি, স্কুল, সরকারি ভবন ও হাসপাতালে তাদের আগ্নেয়াস্ত্র সঙ্গে রাখা নিষিদ্ধ করা; এবং প্রতি তিন বছর অন্তর পারমিট নবায়ন বা পুনরায় সনদ গ্রহণ আবশ্যক করা হয়েছে। এছাড়াও জনসাধারণ, আগ্নেয়াস্ত্রের মালিক, ও আগ্নেয়াস্ত্রের ডিলারদেরকে স্টেট আইনের অধীনে নতুন সব শর্ত সম্পর্কে বিস্তারিত তথ্য প্রদান করতে গভর্নর একটি নতুন আগ্নেয়াস্ত্রের নিরাপত্তা সংক্রান্ত ওয়েবসাইট চালু করেছেন।

"নিউ ইয়র্কের শতাব্দী-পুরোনো গোপনে আগ্নেয়াস্ত্র বহন করা সংক্রান্ত আইন বাতিল করার ব্যাপারে সুপ্রিম কোর্টের সিদ্ধান্তের প্রতিক্রিয়ায় নিউ ইয়র্কবাসীদেরকে নিরাপদ রাখতে আমরা দ্রুত ও সুচিন্তিত পদক্ষেপ গ্রহণ করেছি," **বলেছেন গভর্নর হোকল।** "নিউ ইয়র্কবাসীদেরকে আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতা অথবা অন্য কোনো ধরনের ক্ষতি থেকে সুরক্ষিত রাখার জন্য গভর্নর হিসেবে আমার অধিকার ছেড়ে দিতে আমি অস্বীকৃতি জানাই। নিউ ইয়র্ক স্টেটে আমরা সামনে এগিয়ে যাওয়ার ক্ষেত্রে নেতৃত্ব দেওয়া এবং সাধারণ বিবেচনা বোধের সাথে সঙ্গতিপূর্ণ আগ্নেয়াস্ত্রের নিরাপত্তা সংক্রান্ত আইন বাস্তবায়ন করা অব্যাহত রাখবো।"

"নিউ ইয়র্ক আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতা কমানো এবং জীবন বাঁচানোর লড়াইয়ে নেতৃত্ব দিচ্ছে," **বলেছেন লেফটেনেন্ট গভর্নর অ্যান্টনিও ডেলগাডো।** "আমাদের কমিউনিটির সব সদস্য যাতে নিরাপদ থাকে সে বিষয়টি আমরা নিশ্চিত করতে চাই, এবং এসব নতুন গোপনে আগ্নেয়াস্ত্র বহনের আইন আগ্নেয়াস্ত্রের মালিকদের যথাযথ প্রশিক্ষণ পাওয়া, নিরাপত্তামূলক পদক্ষেপসমূহের প্রসার ঘটানো এবং সংবেদনশীল স্থানগুলোতে আগ্নেয়াস্ত্র বহন না করা নিশ্চিত করার মাধ্যমে মর্মান্তিক দুর্ঘটনা প্রতিরোধ করতে সাহায্য করবে।"

এছাড়াও সেমিঅটোমেটিক রাইফেলের মালিকানার সঙ্গে সম্পর্কিত নতুন অনুমতি সংগ্রহ ও ন্যূনতম বয়সের শর্তসমূহ রবিবার, 4 সেপ্টেম্বর, 2022 তারিখ থেকে কার্যকর হবে বলে গভর্নর হোকল ঘোষণা করেছেন। এই তারিখের পর থেকে, কোনো সেমিঅটোমেটিক রাইফেল ক্রয় করা অথবা এটির মালিক হওয়ার জন্য একজন ব্যক্তিকে অবশ্যই কমপক্ষে 21 বছর বয়সী হতে হবে এবং একটি পারমিট থাকতে হবে। এই বসন্তকালে বাফেলোতে ঘটে যাওয়া বর্ণবাদ থেকে অনুপ্রাণিত ব্যাপক গোলাগুলির ঘটনার প্রতিক্রিয়ায় গভর্নরের স্বাক্ষরিত একটি প্যাকেজ আইনে এসব নতুন শর্ত অন্তর্ভুক্ত করা হয়। 4 সেপ্টেম্বর, 2022 তারিখের আগে থেকে সেমিঅটোমেটিক রাইফেলের মালিকানা থাকা ব্যক্তিদের জন্য লাইসেন্স আবশ্যক হবে না।

100 বছরেরও বেশি সময় ধরে, নিউ ইয়র্কে গোপনে আগ্নেয়াস্ত্র বহন করার পারমিট সংগ্রহ করতে আগ্রহী ব্যক্তিদের জন্য পটভূমি যাচাইয়ের প্রক্রিয়ার মধ্য দিয়ে গমন করা আবশ্যক ছিল, যার মধ্যে তাদেরকে আগ্নেয়াস্ত্রের মালিক হওয়ার অনুপযুক্ত করে দিতে পারে এমন কোনো ফৌজদারি অপরাধের জন্য তারা দোষী সাব্যস্ত হয়েছেন কিনা সে বিষয়টি চেক করা, এবং চারিত্রিক সনদ সংগ্রহের বিষয়টি অন্তর্ভুক্ত ছিল। ব্রুয়েন মামলার সিদ্ধান্তের প্রতিক্রিয়ায়, স্টেট গোপনে আগ্নেয়াস্ত্র বহনের পারমিট সংগ্রহের জন্য আবশ্যক পটভূমি যাচাই স্ট্যান্ডার্ড হিসেবে প্রতিষ্ঠা ও শক্তিশালী করার জন্য চারটি চারিত্রিক রেফারেন্স; গত তিন বছরের সাবেক ও বর্তমান সোশ্যাল মিডিয়া অ্যাকাউন্টের তালিকা; আবেদনকারীর স্বামী বা স্ত্রী বা গৃহসঙ্গী, আবেদনকারীর বাড়িতে বসবাসকারী অন্য প্রাপ্তবয়স্ক ব্যক্তি, যেমন আবেদনকারীর কোনো প্রাপ্তবয়স্ক সন্তান সম্পর্কে তথ্য প্রদান; এবং লাইসেন্সিং অফিসার বা নির্ধারিত ব্যক্তির সঙ্গে সরাসরি উপস্থিত হয়ে একটি সাক্ষাতকার প্রদান আবশ্যক করা হয়েছে। লাইসেন্সিং অফিসারগণ উপযুক্ত মনে করলে যেকোনো বাড়তি তথ্যের জন্য অনুরোধ জানাতে পারবেন।

1 সেপ্টেম্বর, 2022 তারিখে বা তারপরে গোপনে আগ্নেয়াস্ত্র বহনের পারমিট সংগ্রহের জন্য আবেদনকারী সবার জন্য আগ্নেয়াস্ত্র সংক্রান্ত প্রশিক্ষণ থাকার শর্ত প্রযোজ্য হবে এবং নিউ ইয়র্ক

সিটি ও নাসাউ, সাফোক, ও ওয়েস্টচেস্টার কাউন্টিতে বসবাসকারী এবং নিজেদের পারমিট নবায়ন করার প্রয়োজন রয়েছে এমন ব্যক্তিরা এর আওতাভুক্ত হবেন। 16-ঘণ্টাব্যাপী ক্লাসরুম এবং দুই ঘণ্টার লাইভ-ফায়ার আগ্নেয়াস্ত্রের নিরাপত্তা সংক্রান্ত প্রশিক্ষণ কোর্সটি অবশ্যই স্টেটের নতুন ন্যূনতম মানদণ্ডসমূহ পূরণ করতে হবে। এসব মানদণ্ড লাইসেন্সপ্রাপ্ত আগ্নেয়াস্ত্রের মালিকদেরকে নিজেদের আগ্নেয়াস্ত্র নিরাপদে সংরক্ষণ ও বহন করার জন্য অপরিহার্য দক্ষতা ও জ্ঞান প্রদান করা, এবং দ্বন্দ্ব প্রশমন, আত্মহত্যা ও প্রাণঘাতী শক্তির ব্যবহার প্রতিরোধ, ইত্যাদি সহ অন্যান্য বিষয়, যেগুলো তাদেরকে ও অন্যদেরকে নিরাপদ রাখতে সাহায্য করবে, সেগুলো সম্পর্কে শিক্ষাদান করার জন্য তৈরি করা হয়েছে।

বর্তমানে গোপনে আগ্নেয়াস্ত্র বহনের পারমিট রয়েছে এবং নিউ ইয়র্ক স্টেট পুলিশের সঙ্গে সেসব পারমিট রিসার্টিফাই করেছেন এমন ব্যক্তিদের জন্য এই নতুন প্রশিক্ষণ আবশ্যক হবে না। এখন পাঁচ বছরের পরিবর্তে তিন বছর অন্তর গোপনে আগ্নেয়াস্ত্র বহনের পারমিট নবায়ন ও রিসার্টিফিকেশন আবশ্যক করা হয়েছে। বছরের শেষ নাগাদ, স্টেট পুলিশ পারমিট থাকা ব্যক্তিদের জন্য অনলাইনে রিসার্টিফিকেশন সংগ্রহ প্রক্রিয়া চালু করার পরিকল্পনা করেছে।

**স্টেটের পুলিশ সুপারিন্টেন্ডেন্ট কেভিন পি. ব্রুয়েন বলেন,** "গভর্নর হোকলের নেতৃত্ব এবং তার সরবরাহ করা যেসব সংস্থানের ফলে আমরা আমাদের স্টেটে অবৈধ আগ্নেয়াস্ত্র পাচার হওয়ার বিরুদ্ধে আগ্রাসী পদক্ষেপ গ্রহণ করতে পেরেছি তা সত্যিকার অর্থেই আমাদের জন্য অত্যন্ত মূল্যবান। ট্রুপাররা এই মিশনের প্রতি দৃঢ় প্রতিজ্ঞ রয়েছেন, এবং আমরা অবৈধ আগ্নেয়াস্ত্র পাচার করে আমাদের কমিউনিটিগুলোকে বিপদগ্রস্ত করে তোলা অপরাধীদের থামানোর জন্য নিবেদিত রয়েছি।"

**ডিভিশন অব ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস (Division of Criminal Justice Services)-এর কমিশনার রোজানা রোসেডো বলেন,** "আমাদের কমিউনিটিতে আমরা আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতার ফলে তৈরি হওয়া বিপর্যয় ও মানসিক আঘাত পাওয়ার ঘটনা প্রত্যক্ষ করেছি এবং এটি বন্ধ করতে আমাদেরকে সাধ্যমতো প্রচেষ্টা চালিয়ে যেতে হবে। এই বিষয়ে তার নেতৃত্বের জন্য আমরা গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই এবং লাইসেন্সিং এর জন্য সাধারণ বিবেচনা বোধের সাথে সঙ্গতিপূর্ণ এসব নিরাপত্তা ও প্রশিক্ষণ সংক্রান্ত বিধিমালা প্রতিষ্ঠা করতে আইন প্রয়োগকারী সংস্থা ও স্থানীয় সরকারগুলোতে আমাদের অংশীদারদের সঙ্গে কাজ করে যাওয়ার এই সময়ে, সব নিউ ইয়র্কবাসীর নিরাপত্তার স্বার্থে, তার সাথে একসঙ্গে রুখে দাঁড়াতে পেরে আমরা গর্বিত।"

**সিনেটের সংখ্যাগরিষ্ঠ অংশের নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স বলেন,** "সুপ্রিম কোর্টের রায় এই ধারণা দেয় যে এই দেশে জীবনের চেয়ে আগ্নেয়াস্ত্র বেশি গুরুত্বপূর্ণ, আমরা নিউ ইয়র্ক স্টেটে নিরাপদ ও দায়িত্বশীল আগ্নেয়াস্ত্রের আইন থাকার বিষয়টি নিশ্চিত করার জন্য আইন পাস করেছি। স্টেট হলো প্রতিরক্ষার শেষ স্তম্ভ, আর একারণেই আমরা নিউ ইয়র্ককে গোপনে বহনকৃত আগ্নেয়াস্ত্র দিয়ে সহজেই ছেয়ে যাওয়া থেকে সুরক্ষিত রাখতে এবং ভুল লোকের হাতে আগ্নেয়াস্ত্র যাওয়া প্রতিরোধ করতে পদক্ষেপ গ্রহণ করেছি। এর আগে আমাদের পাশ করা আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতা বিরোধী আইনের সাথে বাড়তি হিসেবে এসব পদক্ষেপ এমন এক সময়ে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে যখন আমেরিকাতে মানুষের চেয়ে আগ্নেয়াস্ত্রের

সংখ্যা বেশি হয়ে গেছে। নিউ ইয়র্ক লোকজনের নিরাপত্তা ও জীবনকে অগ্রাধিকার দেওয়া অব্যাহত রাখবে, আমি আমার আইনসভা, স্পিকার হিয়েস্টি, ও গভর্নর হোকলকে তাদের অংশীদারিত্বের জন্য ধন্যবাদ জানাই।"

**অ্যাসেম্বলি স্পিকার কার্ল হিয়েস্টি বলেন,** "সুপ্রিম কোর্ট ও গান লবি আমেরিকানদের জীবনের চেয়ে আগ্নেয়াস্ত্রের অ্যাক্সেস পাওয়াকে বেশি মূল্যবান মনে করতে পারে, কিন্তু এখানে নিউ ইয়র্কে আমরা জোরালোভাবে ব্যক্ত করছি যে এটি গ্রহণযোগ্য নয়। এই আইন জনসমাগমের স্থানগুলোতে - শুধু স্কুল ও সরকারি ভবনগুলোতেই নয়, বরং মুদি দোকান, গণপরিবহন, রেস্তোরাঁ ও উপাসনালয়ে নিউ ইয়র্কবাসীদেরকে নিরাপদ রাখবে। আমরা আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতা থেকে লোকজনকে রক্ষা করার জন্য এবং পরিবারগুলোকে তাদের কমিউনিটিগুলোতে নিরাপদ রাখার জন্য লড়াই চালিয়ে যাবো।"

**নিউ ইয়র্ক সিটির মেয়র এরিক অ্যাডামস বলেন,** "যুক্তরাষ্ট্রের সুপ্রিম কোর্টের *ব্রুয়েন* মামলার সিদ্ধান্ত সব নিউ ইয়র্কবাসীর নিরাপত্তা বিঘ্নিতকারী একটি পদক্ষেপ ছিল যেটি সারা বিশ্ব জানতে পেরেছে। নিউ ইয়র্ক সিটি এই সিদ্ধান্তের বিরুদ্ধে নিজেকে রক্ষা করবে, এবং আগামীকাল থেকে শুরু করে, গোপনে আগ্নেয়াস্ত্র বহনের পারমিট সংগ্রহের আবেদনকারীদের জন্য উপযুক্ততার নতুন শর্তসমূহ এবং টাইমস স্কয়ারের মতো 'সংবেদনশীল স্থানগুলোতে' গোপনে আগ্নেয়াস্ত্র বহনের নিষেধাজ্ঞা কার্যকর হবে। টাইমস স্কয়ার এলাকা দিয়ে চলাচলকারী ব্যক্তিদেরকে এই এলাকাটি যে একটি আগ্নেয়াস্ত্র-মুক্ত এলাকা এবং আইনসঙ্গত বিশেষ অনুমোদন না থাকলে লাইসেন্সপ্রাপ্ত আগ্নেয়াস্ত্র বহনকারী ও অন্যরা কোনো আগ্নেয়াস্ত্র নিয়ে এই এলাকায় প্রবেশ করতে পারবেন না সে সম্পর্কে জানিয়ে দেওয়ার জন্য প্রতিটি প্রবেশপথে সাইন লাগিয়ে দিবো। নিউ ইয়র্ক সিটির মেয়র এবং একজন সাবেক পুলিশ কর্মকর্তা হিসেবে, এই সিটিকে নিজেদের ঠিকানা হিসেবে পরিচয় দেওয়া ৪.৪ মিলিয়ন মানুষের সবার নিরাপত্তা নিশ্চিত করা সবসময় আমার শীর্ষ অগ্রাধিকার হয়ে থাকবে, তাই যদিও সুপ্রিম কোর্টের সিদ্ধান্তটি হয়তো আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতার সাগরে একটি বাড়তি নদী যোগ করে দিয়েছে, কিন্তু আমরা সেই নদীতে বাঁধ দেওয়ার জন্য এবং নিউ ইয়র্ককে আমেরিকার মধ্যে সবচেয়ে নিরাপদ বড় শহর হিসেবে বজায় রাখার জন্য সর্বাত্মক প্রচেষ্টা চালিয়ে যাচ্ছি।"

**নিউ ইয়র্ক স্টেট অ্যাসোসিয়েশন অব কাউন্টিস (New York State Association of Counties)-এর এক্সিকিউটিভ ডিরেক্টর স্টিফেন অ্যাকুয়ারিও বলেন,** "আইন মেনে চলা আগ্নেয়াস্ত্রের মালিকরা আগ্নেয়াস্ত্র রাখা ও বহন করার অধিকার রাখেন। আগ্নেয়াস্ত্রের পারমিট প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত লাইসেন্সিং অফিসার হিসেবে আমাদের কাজ হচ্ছে সময়মতো ও নিরাপদে পারমিট পাওয়া নিশ্চিত করা। বাস্তবায়ন প্রক্রিয়ার সময়ে কাউন্টির মতামত সম্পৃক্ত করার জন্য গভর্নর হোকলের প্রচেষ্টাকে আমরা স্বাগত জানাই।"

**নিউ ইয়র্কার্স এগেইনস্ট গান ভায়োলেন্স (New Yorkers Against Gun Violence)-এর এক্সিকিউটিভ ডিরেক্টর রেবেকা ফিশার বলেন,** "আগ্নেয়াস্ত্র শিল্প আমাদের যুক্তিসঙ্গত আগ্নেয়াস্ত্র সংক্রান্ত আইন, আমাদের কমিউনিটি, ও আমাদের শিশুদের উপর আক্রমণ করা অব্যাহত রাখার এই সময়েও, আমরা জানি যে বার বার আমাদেরকে সুরক্ষিত রাখার জন্য আমরা নিউ ইয়র্ক স্টেটের নেতৃত্বের উপর আস্থা রাখতে পারি। জুন মাসে, গান লবির সমর্থনপ্রাপ্ত

যুক্তরাষ্ট্রের সুপ্রিম কোর্ট নিউ ইয়র্কের গোপনে আগ্নেয়াস্ত্র বহন সংক্রান্ত আইন সংস্কার করেছে, যে আইনটি এক শতাব্দীরও বেশি সময় ধরে নিউ ইয়র্কবাসীকে নিরাপদে থাকতে সাহায্য করেছে। এর প্রতিক্রিয়ায়, আমাদের স্টেট নতুন আইন প্রণয়নের জন্য দ্রুত পদক্ষেপ গ্রহণ করেছে যে আইন আমাদের জনসম্মুখে আগ্নেয়াস্ত্র বহনের পারমিট পাওয়ার প্রক্রিয়াকে শক্তিশালী করবে এবং নিউ ইয়র্কবাসীদেরকে নিউ ইয়র্কজুড়ে সংবেদনশীল স্থানগুলোতে নিরাপদে বসবাস করার সুযোগ করে দেবে। আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতার সংকট মোকাবেলায় এবং জীবন বাঁচানোর জন্য তার অঙ্গীকারাবদ্ধতার জন্য আমি গভর্নর ক্যাথি হোকলের প্রশংসা করি।"

**এভরিটাউন ফর গান সেফটি (Everytown for Gun Safety)-এর সিনিয়র ডিরেক্টর অব স্টেট গভার্নমেন্ট অ্যাফেয়ার্স মনিশা হেনলি বলেন,** "যখন আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতা নিত্যদিন দেশজুড়ে কাউন্টিগুলোকে ক্ষতিগ্রস্ত করে চলেছে এমন এক সময়ে, নিজেদের কমিউনিটিগুলোকে নিরাপদ রাখার জন্য সাধারণ বিবেচনা বোধের সাথে সঙ্গতিপূর্ণ আগ্নেয়াস্ত্রের নিরাপত্তা সংক্রান্ত আইন পাশ করার ক্ষেত্রে প্রতিটি স্তরের নীতিনির্ধারকদের অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে হবে। গভর্নর হোকল এবং নিউ ইয়র্কের আইন প্রণেতারা এই লড়াইয়ে দেশের নেতৃত্ব দেওয়া অব্যাহত রেখেছেন, এবং একটি অধিকতর নিরাপদ নিউ ইয়র্ক গড়ে তোলার পথ নির্মাণের এই সময়ে তাদের সঙ্গে কাজ করতে পেরে আমরা গর্বিত।"

**ব্র্যাডি প্রেসিডেন্ট ক্রিস ব্রাউন বলেন,** "গভর্নর হোকল এবং স্টেটের আইন প্রণেতাদের কল্যাণে নিউ ইয়র্কবাসীরা এখন অধিকতর নিরাপদ রয়েছে, যারা নিজেদের কমিউনিটিগুলোকে আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতা থেকে সুরক্ষিত রাখার জন্য অপরিহার্য পদক্ষেপসমূহ গ্রহণের ক্ষেত্রে অসাধারণ নেতৃত্ব দেখিয়েছেন। ব্যাপকভাবে সংখ্যাগরিষ্ঠ নিউ ইয়র্কবাসীর সমর্থন করা নিউ ইয়র্কের আইনগুলোর ব্যাপারে সুপ্রিম কোর্টের হস্তক্ষেপ করার সিদ্ধান্ত একটি মর্মান্তিক বিষয় ছিল। কিন্তু আজ, আমরা এটা জেনে স্বস্তি লাভ করতে পারছি যে স্টেটের আগ্নেয়াস্ত্র সংক্রান্ত আইন শক্তিশালী রয়েছে এবং স্টেটের নেতৃবৃন্দ তাদের অধিবাসীদের কথা শুনছেন এবং জীবন রক্ষাকারী সমাধান প্রদান করে তার জবাব দিচ্ছেন।"

**গিফোর্ডস ল সেন্টার টু প্রিভেন্ট গান ভায়োলেন্স (Giffords Law Center to Prevent Gun Violence)-এর ডেপুটি চিফ কাউন্সেল ডেভিড পুচিনো বলেন,** "নিউ ইয়র্কের 100-বছরের পুরোনো গোপনে আগ্নেয়াস্ত্র বহন সংক্রান্ত আইন বাতিল করার ব্যাপারে সুপ্রিম কোর্টের বেপরোয়া সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে স্টেটজুড়ে সাহসী আইন প্রণেতারা পদক্ষেপ গ্রহণ করতে রুখে দাঁড়িয়েছেন। এসব নেতার জানা আছে যে আগ্নেয়াস্ত্র বহন করার অধিকার অন্য সব অধিকারের উপরে প্রাধান্য পেতে পারে না, এবং সাধারণ বিবেচনা বোধের সাথে সঙ্গতিপূর্ণ, প্রমাণনির্ভর আগ্নেয়াস্ত্রের নিরাপত্তা সংক্রান্ত আইন শুধু কার্যকরই নয়, বরং সেগুলো ব্যাপকভাবে জনপ্রিয়। আগামীকাল কার্যকর হতে যাওয়া আইনটি আদালতের নির্ধারণ করে দেওয়া গন্ডির মধ্যে থেকেই, জন নিরাপত্তা উন্নত করবে এবং নিউ ইয়র্কবাসীকে নিরাপদ রাখবে। আমরা গভর্নর ক্যাথি হোকল, স্পিকার কার্ল হিয়েস্টি, সংখ্যাগরিষ্ঠ অংশের নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স, মেয়র এরিক অ্যাডামস, এবং স্পিকার অ্যাড্রিন অ্যাডামসকে এই জীবন-মরণ সংক্রান্ত বিষয়ে তাদের সাহসী নেতৃত্বের জন্য ধন্যবাদ জানাই।"

এছাড়াও স্টেট পুলিশ এবং স্টেটের ডিভিশন অব ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস জনসাধারণ, আগ্নেয়াস্ত্রের মালিক, ও আগ্নেয়াস্ত্রের ডিলারদের জন্য নতুন আগ্নেয়াস্ত্র সংক্রান্ত আইন সম্পর্কিত বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলির তালিকা তৈরি করেছে। প্রশিক্ষণ এবং পটভূমি যাচাইয়ের পরিধি সম্প্রসারণের শর্তের পাশাপাশি, এই আইনগুলো:

- লোকজনের জন্য সংবেদনশীল স্থানগুলোতে তাদের গোপনে বহন করার পিস্তল বা রিভলভার সঙ্গে রাখা নিষিদ্ধ করেছে। আইন অনুযায়ী এই নিষেধাজ্ঞার আওতামুক্ত নন এমন ব্যক্তিদেরকে এই আইনের আওতায় এটির সংবেদনশীল স্থানসমূহ সংক্রান্ত প্রবিধান লঙ্ঘনের দায়ে দণ্ড প্রদান করা হতে পারে। স্টেট এসন নতুন বিধিনিষেধ সম্পর্কে নিউ ইয়র্কবাসীকে শিক্ষিত করে তুলতে জনসচেতনতামূলক প্রচারণা শুরু করবে / শুরু করেছে।
- পারমিট পাওয়া ব্যক্তিদের ব্যাপারে মাসিক যাচাই প্রক্রিয়া সম্পন্ন করা আবশ্যক করা হয়েছে যাতে তাদেরকে গোপনে আগ্নেয়াস্ত্র বহনের পারমিট পাওয়ার অনুপযুক্ত করে তুলতে পারে এমন কোনো অপরাধ তারা করেছেন কিনা অথবা আদালতের এমন কোন আদেশ রয়েছে কিনা তা নির্ণয় করা যায়। স্টেট স্থানীয় লাইসেন্সিং কর্মকর্তাদেরকে পদক্ষেপ গ্রহণের জন্য এই তথ্য প্রদান করবে।
- মানুষবিহীন কোনো যানবাহনে রাখা আগ্নেয়াস্ত্রগুলো যাতে গুলিশূন্য করে এবং আগুন, সংঘর্ষ, ও টেম্পার প্রতিরোধী একটি স্টোরেজ ডিপোজিটরিতে তালাবদ্ধ করে চোখের আড়ালে রাখা হয় সে বিষয়ে আদেশ দেওয়া হয়েছে।
- আগ্নেয়াস্ত্র, রাইফেল, ও শটগান রয়েছে এমন বাড়িতে যদি 18 বছরের কম বয়সী শিশু অথবা আগ্নেয়াস্ত্র বহন করা নিষিদ্ধ এমন কোনো ব্যক্তি বাস করে তাহলে নিরাপদে সংরক্ষণের শর্তসমূহ সম্প্রসারণ করা হবে।

স্টেটের পরিবেশ সংরক্ষণ বিভাগের (Department of Environmental Conservation) ওয়েবসাইটে শিকার এবং শিকার বিষয়ক শিক্ষা সংক্রান্ত ক্রিয়াকলাপের ক্ষেত্রে নতুন আইনগুলোর অবস্থান কেমন হবে সে ব্যাপারে বাড়তি তথ্য পাওয়া যাবে, যার মধ্যে স্কিট ও ট্র্যাপ শুটিং প্রতিযোগিতা অন্তর্ভুক্ত রয়েছে। এসব ক্রিয়াকলাপ নতুন আইনের অধীনে আইনসম্মত বলে বিবেচিত হওয়া অব্যাহত থাকবে।

এছাড়াও স্টেট পুলিশ অন্যান্য শর্ত বাস্তবায়নের জন্য কাজ করছে যেগুলো 2023 সালে কার্যকর হবে: আগ্নেয়াস্ত্রের জন্য পটভূমি যাচাই করার ব্যাপারে স্টেটের তদারকি প্রতিষ্ঠা (1 জুলাই); স্টেটব্যাপী পারমিট ও অ্যামিউনিশন ডাটাবেস তৈরি (1 আগস্ট); এবং পারমিট প্রত্যাখ্যান ও বাতিল প্রক্রিয়া পর্যালোচনার জন্য একটি আপিল বোর্ড প্রতিষ্ঠা করতে স্টেটের ডিভিশন অব ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস-এর সঙ্গে অংশীদার হওয়া।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন